"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
বিভাগীয় সদর দপ্তর, বিভাগীয় কমপ্লেক্স
৭ম তলা, উত্তর ইউনিট, ডাকঘর: উত্তম, রংপুর-৫৪০০।
www.coop.rangpurdiv.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.৩২১.০৫.০০১.২৩.১৯০

তারিখ: ৩০ মাঘ ১৪২৯
১৩ ফেব্রুয়ারি ২০২৩

অফিস আদেশ

"সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারী মনোনয়ন" সেবাটি সমবায় বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সেবাটি দেশের বেশিরভাগ কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য এবং এই সেবাটি সঠিকভাবে তারা পায় না। সমবায় সমিতি আইন ২০০১ এর ১৮(২)(খ) ধারা মূলে যে সকল সমবায় সমিতির ৫০% বা তার বেশি শেয়ার সরকারের মালিকানায় রয়েছে বা সেসমিতির গৃহীত ঋণ বা ঋণের গ্যারান্টী সরকার প্রদান করেছে সে সকল সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে একতৃতীয়াংশ সদস্য সরকার মনোনয়ন প্রদান করবে মর্মে বিধান রয়েছে। এটি নির্বাচন অনুষ্ঠানের ৬০ দিনের মধ্যে করতে হয়। বাস্তবে তা হয়না। অনেক সমিতিতে সরকারি মনোনয়ন প্রদান করা হয়না, অনেক ক্ষেত্রে ৬০ দিনের পরে মনোনয়ন দেওয়া হয়। এতে সরকারি মনোনয়ন ব্যতিরেকে অনুষ্ঠিত সভাসমূহের বৈধতা নিয়ে প্রশ্ন দেখা দেয়। সেবাটির প্রদানের প্রক্রিয়ার মধ্যেও জটিলতা, দীর্ঘ সূত্রিতা ও অপ্রয়োজনীয় ধাপ রয়েছে। বিদ্যমান প্রক্রিয়ায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের পর সমিতির নব-নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি ১ম সভা করে দায়িত্ব গ্রহণ করে। এ দায়িত্ব গ্রহণের রেজুলেশন উপজেলা ও জেলার মাধ্যমে বিভাগে প্রেরণ করতে হয়। দায়িত্ব গ্রহণের পর ২য় বা পরর্বর্তী সভায় সরকারি প্রতিনিধি মনোনয়নের প্রস্তাব সিদ্ধান্ত আকারে গ্রহণ করা হয়। উক্ত প্রস্তাব পুনরায় উপজেলা ও জেলার মাধ্যমে বিভাগে যুগ্মনিবন্ধক বরাবর প্রেরণ করা হয়। সরকারি প্রতিনিধি মনোনয়ন সম্পূর্ণরুপে নিবন্ধকের ক্ষমতা, এতে সমিতির প্রস্তাবের প্রয়োজন নেই।অপ্রয়োজনীয় ধাপ থাকায় সেবাটিকে জটিল হয়েছে। মূলত এই সেবাটি আইন ও বিধি দ্বারা নিয়ন্ত্রিত। কোন ধারা বা বিধির ব্যত্যয় ঘটলে পুরো কার্যক্রম বাতিল হয়।এতে প্রত্যাশী সংস্থায় (সমিতিতে) সুশাসন বিঘ্নিত হয়। ফলে সেবাটি সহজ করা প্রয়োজন।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-৩৫, তারিখঃ ২৩-০১-২০২৩খ্রিঃ মূলে অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় সমবায় কার্যালয়ের জন্য **"সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারী মনোনয়ন"** সেবাটিকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (১.১.১) এর সেবা সহজিকরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে।কর্মশালার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরের **"সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারী মনোনয়ন"** সেবাটি সহজিকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়। সমবায় অধিদপ্তরের অনুমোদনের প্রেক্ষিতে "সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারি মনোনয়ন" সেবাটি এখন হতে নিম্নরুপভাবে প্রদান করা হবে।

সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সরকারী প্রতিনিধি মনোনয়ন:

১। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি নির্বাচন অনুষ্ঠানের পর বিধি ২২(৩) মোতাবেক ১ম সভা করে দায়িত্ব গ্রহণ করে ১ম সভার রেজুলেশন সভা অসুষ্ঠানের ১৫ দিনের মধ্যে উপজেলা সমবায় অফিসে দাখিল করবে।

২। উপজেলা সমবায় অফিস রেজুলেশন প্রাপ্তির পর সমিতিকে প্রাপ্তি স্বীকার প্রদান করবে এবং উক্ত সমিতিতে সরকারি প্রতিনিধি হিসাবে মনোনয়নের জন্য সরকারি কর্মকর্তার নাম প্রস্তাব সরাসরি যুগ্মনিবন্ধক বরাবর দাখিল করেউক্ত পত্রের অনলিপি জেলা সমবায় অফিসারকে প্রদান করবে।

৩। উপজেলা সমবায় অফিসের প্রস্তাব মোতাবেক আইনের ধারা ১৮(২)(খ) অনুযায়ী সমিতির ব্যবস্থাপনা কমিটিতে ১/৩ অংশ সদস্য মনোনয়ন আদেশ জারি করে আদেশের কপি সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসার, সমিতি এবং মনোনীত সদস্যগণকে প্রদান করা হবে।

৪। উপজেলা সমবায় অফিসার,আদেশের কপি সমিতিতে এবং মনোনীত প্রতিনিধিকে বিতরণ করবে।

১৩-২-২০২৩
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
ফোন: ০২৫৮৮-৮১০৩৯৬
ফ্যাক্স: ০২৫৮৮-৮১০৩৯৫
ইমেইল: jr.rangpur@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.৩২১.০৫.০০১.২৩.১৯০/১(১৩)

তারিখ: ৩০ মাঘ ১৪২৯ / ১৩ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
২) যুগ্ম-নিবন্ধক, উৎপাদনমুখী শিল্প শাখা, সমবায় অধিদপ্তর
৩) উপনিবন্ধক, পরিকল্পনা ও উন্নয়ন-১ শাখা, সমবায় অধিদপ্তর
৪) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, লালমনিরহাট
৫) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, নীলফামারী
৬) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, দিনাজপুর
৭) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, গাইবান্ধা
৮) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, পঞ্চগড়
৯) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, রংপুর
১০) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, ঠাকুরগাঁও
১১) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, কুড়িগ্রাম
১২) উপজেলা সমবায় অফিসার , (সকল)
১৩) সভাপতি, , ...সমবায় সমিতি লি

১৩-২-২০২৩
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক